

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৬৮.২২. ২০২

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৪ জুন ২০২৬

বিষয়: জনাব মোঃ নুরুজ্জামান, নিরাপত্তা প্রহরী, উপজেলা সমাজসেবা কার্যালয়, সিরাজদিখান, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নং .০.৭./২০২৬ তারিখ .০৪/০৬/২০২৬)।

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মোঃ নুরুজ্জামান, নিরাপত্তা প্রহরী, উপজেলা সমাজসেবা কার্যালয়, সিরাজদিখান, মুন্সিগঞ্জ বিগত ০৮/১২/২০২১ তারিখ জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সিগঞ্জ হতে বদলী হয়ে উপজেলা সমাজসেবা কার্যালয়, সিরাজদিখান, মুন্সিগঞ্জ যোগদান করেন। যোগদানের পর হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, সিরাজদিখান, মুন্সিগঞ্জ কর্তৃক অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, আনীত অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য সমাজসেবা অধিদপ্তরের ২০/০১/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০৬৮.২২.২৫ সংখ্যক স্মারক যোগে প্রবেশন অফিসার, প্রবেশন অফিসারের কার্যালয়, মুন্সিগঞ্জকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ২৬/০৪/২০২৬ তারিখ ৪১.০১.৫৯০০.০০০.০০০.০৬.০০০১.২৬.৪৬ সংখ্যক স্মারক মূলে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন। তদন্তে আপনি জনাব মোঃ নুরুজ্জামান, নিরাপত্তা প্রহরী, উপজেলা সমাজসেবা কার্যালয়, সিরাজদিখান, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে অফিসে অনুপস্থিত থাকার বিষয়ে আনীত অভিযোগের সত্যতা রয়েছে। আপনার স্ত্রীর গুরুতর অসুস্থতাজনিত কারণে এবং আপনি নিজে অসুস্থ থাকায় বিগত ০৯/১২/২০২১ হতে ০৯/১১/২০২২ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার উল্লিখিত অননুমোদিত অনুপস্থিতি ও কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভুক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ নুরুজ্জামান কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত: অভিযোগ বিবরণী-০১ পাতা।

০৪.০৬.২০২৬

(মোঃ সাইফুল ইসলাম)

উপসচিব

পরিচালক (প্রশাসন ও অর্থ)

☎ ০২-৫৫০০৭০২২

ইমেইল: director-admin@dss.gov.bd

জনাব মোঃ নুরুজ্জামান

নিরাপত্তা প্রহরী

উপজেলা সমাজসেবা কার্যালয়


সিরাজদিখান, মুন্সিগঞ্জ।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০৬৮.২২. ২০৭ (১২)

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৪ জুন ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক (কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪. উপপরিচালক (বাজেট ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকা।
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সিগঞ্জ।
৬. সহকারী পরিচালক (প্রশাসন-২/অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, সিরাজদিখান, মুন্সিগঞ্জ।
৯. উপজেলা সমাজসেবা অফিসার, সিরাজদিখান, মুন্সিগঞ্জ।



(স্বাক্ষর: রবিউল করিম)

উপপরিচালক (প্রশাসন)

ফোন: ০২৫৫০০৭৩৭০



অভিযোগ বিবরণী

জনাব মোঃ নুরুজ্জামান, নিরাপত্তা প্রহরী, উপজেলা সমাজসেবা কার্যালয়, সিরাজদিখান, মুন্সিগঞ্জ বিগত ০৮/১২/২০২১ তারিখ জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সিগঞ্জ হতে বদলী হয়ে উপজেলা সমাজসেবা কার্যালয়, সিরাজদিখান, মুন্সিগঞ্জ যোগদান করেন। যোগদানের পর হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, সিরাজদিখান, মুন্সিগঞ্জ কর্তৃক অভিযোগ আনয়ন করা হয়।

আনীত অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ করার জন্য সমাজসেবা অধিদপ্তরের ২০/০১/২০২৬ তারিখ ৪১.০১.০০০০.০১৪.২৭.০৬৮.২২.২৫ সংখ্যক স্মারক যোগে প্রবেশন অফিসার, প্রবেশন অফিসারের কার্যালয়, মুন্সিগঞ্জকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে জনাব মোঃ নুরুজ্জামান, নিরাপত্তা প্রহরী, উপজেলা সমাজসেবা কার্যালয়, সিরাজদিখান, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে অফিসে অনুপস্থিত থাকার বিষয়ে আনীত অভিযোগের সত্যতা রয়েছে। তার স্ত্রীর গুরুতর অসুস্থতাজনিত কারণে এবং তিনি নিজে অসুস্থ থাকায় বিগত ০৯/১২/২০২১ হতে ০৯/১১/২০২২ তারিখ পর্যন্ত বিনানুমোতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে প্রমাণিত হয়েছে।

তার উল্লিখিত অননুমোদিত অনুপস্থিতি ও কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভুক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ।


(মোঃ সাইফুল ইসলাম)

উপসচিব

পরিচালক (প্রশাসন ও অর্থ)

